ই - সংবাদ

।। প্রেস রিলিজ - তথ্য ও সংস্কৃতি দপ্তর - ত্রিপুরা সরকার -০৭/১১/২০১৭ ।।

কমলপুর নগর পঞ্চায়েতে নানা উন্নয়ন কাজ

কমলপুর, ০৭ নভেম্বর ।। কমলপুর নগর পঞ্চায়েতের ৯নং ওয়ার্ডে ধলাই নদীর বাঁধ পর্যন্ত ২৩ মিটার জায়গায় ভাঙ্গণ রোধে একটি রিটেইনিং ওয়াল নির্মাণ করা হয়েছে। এতে জলসম্পদ দপ্তর থেকে ব্যয় হয়েছে ৩ লক্ষ ২৪ হাজার টাকা। ২নং ওয়ার্ডের ঋষিপাড়ার ২৭ মিটার রাস্তা ভাঙ্গণ রোধে প্রাচীর নির্মাণে চতুর্দশ অর্থ কমিশনের বরাদ্দ অর্থে ৩ লক্ষ ৪০ হাজার টাকা ব্যয় হয়েছে।

তাছাড়া, টুয়েপ কর্মসূচিতে কমলপুর ডাম্পিং স্টেশনে একটি শেড নির্মাণ করা হয়েছে। ব্যয় হয়েছে ২ লক্ষ ৮৬ হাজার টাকা। বিধায়ক বিজয় লক্ষ্মী সিন্হার বিধায়ক এলাকা উন্নয়ন তহবিলের বরাদ্দ অর্থে নগর পঞ্চায়েত এলাকার রূপসপুরে একটি মণিপুরী সাহিত্য কলা কেন্দ্রের নির্মাণ কাজ শেষ হয়েছে। ব্যয় হয়েছে ৪ লক্ষ টাকা। সংশ্লিষ্ট নগর পঞ্চায়েত কার্যালয় থেকে এতথ্য জানানো হয়েছে।

আমবাসায় গ্রামীণ ক্রীড়া ও যুব উৎসবের প্রস্তুতি

আমবাসা, ০৭ নভেম্বর ।। আমবাসা পুর পরিষদের ১৩টি ওয়ার্ডে আগামী ১১-১৩ ডিসেম্বর ওয়ার্ড ভিত্তিক গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এছাড়া, আগামী ১৮ ডিসেম্বর আমবাসা পুর পরিষদ ভিত্তিক যুব উৎসব অনুষ্ঠিত হবে চান্দ্রাইপাড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের অডিটোরিয়ামে। আমবাসা পুর পরিষদ এবং যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের যৌথ উদ্যোগে আয়োজিত এই কর্মসূচিকে সার্বিকভাবে সফল করে তোলার লক্ষ্যে গতকাল এক প্রস্তুতিসভা অনুষ্ঠিত হয়। পুর পরিষদের সভা গৃহে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন পুর পরিষদের চেয়ারপার্সন চন্দন ভৌমিক। উপস্থিত ছিলেন পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন কানাই পাল, পুর পরিষদের ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি শিপ্রা ভট্টাচার্য, পুর পরিষদের সদস্যা শেফালী সরকার, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উপ-অধিকর্তা পাইমং মগ ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

তেপানীয়ায় আয়ুশ কর্মসূচি

উদয়পুর, ০৭ নভেম্বর ।। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর এবার রাজ্য আয়ুশ মিশনের উদ্যোগে আগামী ডিসেম্বর মাসে তেপানীয়া ব্লকে আয়ুশ গ্রাম প্রকল্প চালু করার উদ্যোগ নেওয়া হয়েছে। এই প্রকল্পের আওতায় ব্লকের পূর্ব-বারভাইয়া, ধ্বজনগর, পশ্চিম ধ্বজনগর, তেপানীয়া এবং উত্তর শালগড়া এই পাঁচটি পঞ্চায়েতকে যুক্ত করা হচ্ছে। এই কর্মসূচিকে সঠিকভাবে বাস্তবায়নের লক্ষ্যে সম্প্রতি তেপানীয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান বিজন চক্রবর্তীর সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় আয়ুশ গ্রামের কর্মসূচি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী চিহ্নিত এই ৫টি গ্রামে প্রতি মাসে অন্তত দুটি করে যোগ শিবিরের আয়োজন করা হবে। পাশাপাশি থাকবে বিশেষ স্বাস্থ্য সচেতনতা মূলক শিবির। এছাড়া, এই প্রকল্পে ৫টি গ্রামের ১০টি পরিবারকে ঔষধি গাছ লাগানোর ব্যাপারে সহায়তা করা হবে। পরবর্তী সময়ে এই ঔষধি গাছগুলির ব্যবহারিক দিকগুলি নিয়েও গ্রামবাসীদের সচেতন করে তোলা হবে।

নৃত্য উদয় উৎসবে যোগ দিতে আবেদনপত্র আহ্বান

আগরতলা ৭ নভেম্বর ।। নতুন দিল্লীর সংগীত নাটক একাডেমী প্রতিভাবান যুব নৃত্যশিল্পীদের নৃত্যের বিভিন্ন ক্ষেত্রে পারদর্শিতার জন্য নৃত্য উদয় উৎসবের আয়োজন করেছে । এই উৎসবে অংশ গ্রহণ করার জন্য অংশ গ্রহণকারী নৃত্য শিল্পীদের বয়সের উর্দ্ধসীমা ২০-৩০ বছরের মধ্যে হতে হবে । আগে এই উৎসবে যারা অংশ গ্রহণ করেছেন তাদের আবেদনপত্র গ্রহণযোগ্য হবেনা । আবেদনকারীকে অবশ্যই ভারতীয় নাগরিক হতে হবে । এই উৎসবে অংশ গ্রহণকারী ইচ্ছুক যুব নৃত্য শিল্পীদের নিজেদের জন্ম তারিখ, নাগরিকত্ব, কোন শাখায় পারদর্শিতা রয়েছে এবং কোন বিষয়ে আবেদন করতে ইচ্ছুক এবং তার পূর্ণ ঠিকানা ইত্যাদি উল্লেখ করে আগামী ১৪ নভেম্বর ২০১৭ তারিখের মধ্যে গান্ধীঘাটস্থিত অধিকর্তা, তথ্য ও সংস্কৃতি দপ্তর, আগরতলা এই ঠিকানায় আবেদনপত্র জমা দিতে অনুরোধ করা যাচ্ছে । আবেদনপত্রের সঙ্গে ২ কপি সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ছবি, জন্ম-তারিখ, সংস্কৃতির ক্ষেত্রে দক্ষতা, স্থায়ী ঠিকানার প্রমাণপত্রের প্রত্যয়িত কপি সহ ভিডিও সিডি জমা দিতে হবে ।

ধর্মনগরে স্কুল নাটক প্রতিযোগিতা

ধর্মনগর, ৭ নভেম্বর ।। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে ধর্মনগর মহকুমা ভিত্তিক দুদিন ব্যাপী স্কুল নাটক প্রতিযোগিতা গতকাল থেকে শুরু হয়েছে । বিবেকানন্দ সার্ধ শতবার্ষিকী ভবনে আয়োজিত এই প্রতিযোগিতার উদ্বোধন করেন ধর্মনগর পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন মানিকলাল নাথ। এই অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পুর পরিষদের শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি প্রমোদ মালাকার, পুর পরিষদের প্রাক্তন ভাইস চেয়ারপার্সন স্বপন চন্দ, সাংস্কৃতিক ব্যক্তিত্ব কানাইলাল দত্ত প্রমুখ । স্বাগত বক্তব্য রাখেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ-অধিকর্তা দেবাশিস নাথ। সভাপতিত্ব করেন পুর পরিষদের সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি উমা মিত্র । অনুষ্ঠানের অতিথিগণ নাটক প্রতিযোগিতার তাৎপর্য ব্যাখ্যা করে বক্তব্য রাখেন । উদ্বোধনী অনুষ্ঠানে মহকুমার ৪টি বিদ্যালয় নাটক প্রতিযোগিতায় অংশ গ্রহণ করে । আগামী ৮ নভেম্বর নাটক প্রতিযোগিতায় মহকুমার ৬টি বিদ্যালয় অংশ গ্রহণ করবে । উল্লেখ্য, জেলা ভিত্তিক নাটক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে আগামী ৯ নভেম্বর ।

সিপাহীজলা জেলা ভিত্তিক যাত্রা উৎসব ২৮-৩০ নভেম্বর

বিশ্রামগঞ্জ,০৭নভেম্বর ।। সিপাহীজলা ভিত্তিক যাত্রা উৎসব আগামী ২৮-৩০ নভেম্বর সোনামুড়া মহকুমার নলছড়ে অনুষ্ঠিত হবে। এই কর্মসূচিকে সফল করে তোলার লক্ষ্যে গতকাল নলছড়স্থিত সমর সদনে একসভা অনুষ্ঠিত হয়। বিধায়ক তপন চন্দ্র দাসের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন নলছড় পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান নিমাই দেবনাথ সহ অন্যান্যরা। জেলা ভিত্তিক যাত্রা উৎসবে অংশগ্রহণে ইচ্ছুক দলগুলিকে আগামী ১৩ নভেম্বরের মধ্যে জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ে দলের নাম ও বিস্তারিত বিবরণ জমা দেওয়ার জন্য সভা থেকে অনুরোধ জানানো হয়েছে। যাত্রা দলগুলির উপস্থাপনার বিষয় হচ্ছে - ঐতিহাসিক, পৌরানিক ও সামাজিক।

পূর্ব জলেফা পঞ্চায়েতে রেগায় কাজ

সাব্রুম, ০৬ নভেম্বর ।। সাতচাঁদ ব্লকের পূর্ব জলেফা গ্রাম পঞ্চায়েতে নানা উন্নয়নমূলক কাজ বাস্তবায়নে গতবছর এম জি এন রেগায় ব্যয় হয়েছে ৬৭ লক্ষ ৭৭ হাজার ৪৮৮ টাকা। এতে শ্রমদিবস সৃষ্টি হয়েছে ৩৯ হাজার ৪০৪টি। কাজের মধ্যে রয়েছে ১৩টি পরিবারের মৎস্য চাষের পুকুর খনন, ৪৩টি জল নিকাশি নালা খনন, যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে ১৬টি গ্রামীণ রাস্তা তৈরী এবং ৩৫জন কৃষকের ফসলের জমি সমতল করে চাষযোগ্য করে তোলা হয়েছে। পশ্চিম জলেফা গ্রাম পঞ্চায়েত কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়।

মুড়াসিং সামাজিক সাংস্কৃতিক উৎসবের সমাপ্তি

শান্তিরবাজার, ০৬ নভেম্বর ।। তথ্য ও সংস্কৃতি দপ্তর, মুড়াসিং সামাজিক সাংস্কৃতিক সংস্থা, মহকুমা প্রশাসন এবং ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদের যৌথ উদ্যোগে গত ৪ নভেম্বর পতিছড়ি মুড়াসিং পাড়াতে মুড়াসিং সামাজিক সাংস্কৃতিক উৎসব অনুষ্ঠিত হয়। এ ডি সির চেয়ারম্যান ড. রঞ্জিৎ দেববর্মা প্রদীপ প্রজ্বলন করে এর উদ্বোধন করেন। সভাপতিত্ব করেন মুড়াসিং ঊর্ধ্বতন সমাজের আহ্বায়ক নয়ন কুমার মুড়াসিং। উদ্বোধকের ভাষণে এ ডি সির চেয়ারম্যান ড. রঞ্জিৎ দেববর্মা বলেন, শুধু মুড়াসিং সমাজের জন্য এই মেলা নয়, এই মেলায় জাতি, বর্ণ-ধর্ম নির্বিশেষে ১৯টি উপজাতি অংশের মানুষসহ অন্যান্য অংশের মানুষের মধ্যে মহামিলন লক্ষ্য করা যায় যা রাজ্যের মানুষের মধ্যে শান্তি -সম্প্রীতি ও পরস্পরের মধ্যে মেলবন্ধন তৈরী করার ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করছে। তিনি অপসংস্কৃতির বিরুদ্ধে সোচ্চার হয়ে সকল অংশের মানুষকে নিজ নিজ কৃষ্টি ও সংস্কৃতিকে উজ্জীবিত করার উপর গুরুত্বারোপ করেন। রাজ্যে শিক্ষা, সংস্কৃতি সহ রাজ্য সরকার ও এ ডি সি প্রশাসনের বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচীকে বাস্তবে রূপায়ণ করার জন্য তিনি সকলের মধ্যে শান্তির পরিবেশ গড়ে তোলার আহ্বান জানান। প্রধান অতিথির ভাষণে এ ডি সির কার্যনির্বাহী সদস্য পরিক্ষিৎ মুড়াসিং বলেন, মুড়াসিং সামাজিক সাংস্কৃতিক উৎসবের মধ্য দিয়ে মুড়াসিং সমাজের বিকাশ ঘটছে। এই উৎসবের মূল উদ্দেশ্য ব্যক্ত করে তিনি বলেন, মুড়াসিংসহ পিছিয়ে পড়া অন্যান্য উপজাতি সম্প্রদায়ের মানুষের মধ্যে শিক্ষা সম্প্রসারণ, সংস্কৃতির বিকাশ ও ভাষা উন্নয়নের লক্ষ্য নিয়ে প্রতি বছর এই উৎসবকে আনন্দের সঙ্গে উদযাপন করা হচ্ছে। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন দক্ষিণ ত্রিপুরা জেলা পরিষদের সভাধিপতি হিমাংশু রায়, দক্ষিণ ত্রিপুরার জেলা শাসক সি কে জমাতিয়া, শান্তিরবাজার মহকুমা শাসক বিশ্বশ্রী বি, বীরচন্দ্র মনু জোনাল ডেভেলপম্যান্ট অফিসার ভবেশ দেববর্মা, মুড়াসিং ঊর্ধ্বতন সমাজের প্রাক্তন আহ্বায়ক মঙ্গলমণি মুড়াসিং প্রমুখ। স্বাগত ভাষণ দেন মুড়াসিং সম্প্রদায়ের সম্পাদক জয়কিশোর মুড়াসিং। উৎসব উপলক্ষ্যে সরকারী বিভিন্ন দপ্তরের পক্ষ থেকে ১৬টি প্রদর্শনী স্টল খোলা হয়। উৎসবে পরিবেশিত হয় সারারাত ব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠান, যাত্রাপালা এবং কীর্তন।

রামকৃষ্ণ সেবাশ্রমে রক্তদান শিবির

সোনামুড়া, ৬ নভেম্বর ।। মেলাঘর রামকৃষ্ণ সেবাশ্রমের উদ্যোগে গতকাল আশ্রম প্রাঙ্গণে আয়োজিত হয় স্বেচ্ছা রক্তদান শিবির। ৮ জন মহিলা সহ মোট ৩৩ জন স্বেচ্ছায় রক্তদান করেন। অন্যদিকে, স্বেচ্ছা রক্তদান সম্পর্কে জনসাধারণের মধ্যে সচেতনতা বাড়ানোর লক্ষ্যে সম্প্রতি রামকৃষ্ণ শিশুতীর্থ উচ্চ বিদ্যালয়ে এক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। রামকৃষ্ণ আশ্রম পরিচালন কমিটির উদ্যোগে আয়োজিত এই আলোচনাচক্রে বক্তব্য রাখেন মেলাঘর মহকুমা হাসপাতালের চিকিৎসক ডা. রাজেশ দাস, শিক্ষক প্রাণকৃষ্ণ শীল, বিশিষ্ট নাগরিক গৌতম ঘোষ প্রমুখ।

সাব্রুমে বিশ্ব প্রবীণ দিবস পালিত

সাব্রুম, ৬ নভেম্বর ।। সাব্রুম নগর পঞ্চায়েত, সমাজ শিক্ষা ও সমাজ কল্যাণ দপ্তরের উদ্যোগে গতকাল স্থানীয় দক্ষিণী প্রেক্ষাগৃহে বিশ্ব প্রবীণ দিবস পালন করা হয়। অনুষ্ঠানে সাব্রুম নগর পঞ্চায়েত এলাকার ৬০০ জন প্রবীণ ব্যক্তিকে নগর পঞ্চায়েতের পক্ষ থেকে সম্বর্ধনা জানানো হয়। বিধায়ক রীতা কর মজুমদার, বিধায়ক প্রভাত চৌধুরী, সাব্রুম নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন রুমা মজুমদার বসাক, বিশিষ্ট লেখক ড. রঞ্জিত দে সহ অন্যান্য অতিথিগণ প্রবীণদের হাতে সম্মাননা তুলে দেন। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন নগর পঞ্চায়েতের কার্যনিবাহী আধিকারিক ধ্রুবজ্যোতি দেববর্মা। সভাপতি মন্ডলীতে ছিলেন বিশিষ্ট লেখক তিমির বরণ চাকমা, পেনশনার্স এসোর সাব্রুম মহকুমার সভাপতি গোপাল চক্রবর্তী প্রমুখ।

উত্তর তৈবান্দালে রাসমেলা অনুষ্ঠিত

সোনামুড়া, ৬ নভেম্বর ।। মোহনভোগ ব্লকের উত্তর তৈবান্দালের শ্রী শ্রী শ্যামাচাঁদ গোস্বামীর সেবাশ্রমের উদ্যোগে মোহনভোগ পঞ্চায়েত সমিতি, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহযোগিতায় ৩ নভেম্বর উত্তর তৈবান্দাল দ্বাদশ শ্রেণী বিদ্যালয় প্রাঙ্গণে রাসমেলা অনুষ্ঠিত হয়। এ মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করে এ ডি সির চেয়ারম্যান ড. রণজিৎ দেববর্মা বলেন, জাতি,ধর্ম,বর্ণ নির্বিশেষে সকল অংশের মানুষ এই মেলায় অংশ গ্রহণ করে, ফলে তা আমাদের জাতীয় সংহতিকে সুদৃঢ় করতে সাহায্য করে। তিনি বলেন, সুষ্ঠু সংস্কৃতি চর্চা মানুষকে অপসংস্কৃতি থেকে দূরে রাখতে সহায়তা করে। ভবিষ্যৎ প্রজন্মকে সুস্থ সংস্কৃতির পথে চালিত করতে হবে। অনুষ্ঠানের প্রধান অতিথি এ ডি সির কার্যনির্বাহী সদস্য পরিক্ষীৎ মুড়াসিং বলেন, সংস্কৃতি না থাকলে কোন জাতির উন্নতি হবে না। রাজ্যের উপজাতি সংস্কৃতি দিন দিন সমৃদ্ধ হচ্ছে। একে আরো এগিয়ে নিয়ে যেতে হবে। এছাড়া, অনুষ্ঠানে বক্তব্য রাখেন মেলাঘর পুর পরিষদের চেয়ারপার্সন সুরেশ দাস, মোহনভোগ সাব জোনালের চেয়ারম্যান মধুসূদন দেববর্মা, মোহনভোগ পঞ্চায়েত সমিতির ভারপ্রাপ্ত চেয়ারম্যান প্রদীপ দেবনাথ , তৈবান্দাল মুড়াসিং হদার আহ্বায়ক নয়ন কুমার মুড়াসিং, সোনামুড়া মহকুমা শাসক সুমিত লোধ, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সিপাহীজলা জেলা কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক অমৃত দেববর্মা প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মোহনভোগ বি এ সির চেয়ারম্যান কুঞ্জলীলা মুড়াসিং। স্বাগত ভাষণ রাখেন মোহনভোগ ব্লকের বি ডি ও অনিরুদ্ধ রায়।

তামাক ব্যবহারের অপকারিতা নিয়ে সচেতনতা কর্মসূচী

আগরতলা, ৪ নভেম্বর ।। পশ্চিম জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক এবং পশ্চিম জেলা পুলিশ সুপার-এর কার্যালয়ের যৌথ উদ্যোগে আগামী ৫ নভেম্বর থেকে বিভিন্ন স্থানে তামাক ব্যবহারের অপকারিতা এবং তামাক আইন বিষয়ক সচেতনতা কর্মসূচীর আয়োজন করা হয়েছে। ৫ নভেম্বর বিকেল ৪টায় অরুন্ধুতীনগর পুলিশ স্টেশনের অন্তর্গত কাঞ্চনমালা বাজারে এই কর্মসূচীর সূচনা হবে। কর্মসূচী অনুযায়ী ৭ নভেম্বর বিকেল ৫টায় খয়েরপুর বাজার, ৮ নভেম্বর বিকেল ৪টায় নরসিংগড় বাজার , ৯ নভেম্বর বিকেল ৩টায় জারুলবাচাই বাজার, ১০ নভেম্বর বিকেল ৪টায় গান্ধীগ্রাম বাজার, ১১ নভেম্বর বিকেল ৪টায় কামালঘাট বাজার এবং ১২ নভেম্বর বিকেল ৪টায় কেম্পেরবাজারে এই সচেতনতা কর্মসূচী আয়োজিত হবে। ১৩ নভেম্বর বিকেল ৪টায় অনুরূপ কর্মসূচী আয়োজিত হবে দুর্গাবাড়ি চা বাগানে। ১৪ নভেম্বর বিকেল ৪টায় এই কর্মসূচী আয়োজিত হবে বামুটিয়ার কালিবাজার মার্কেটে। ১৫ নভেম্বর বিকেল ৪টায় মোহনপুর বাজার এবং ১৬ নভেম্বর সকাল ১১টায় এই কর্মসূচী আয়োজিত হবে মেঘলিবন্দ চা বাগানে। পশ্চিম জেলা স্বাস্থ্য ও পরিবারকল্যাণ সমিতির অফিস থেকে এই সংবাদ জানানো হয়েছে।

হরিমঙ্গল ভিলেজে উন্নয়ণ কর্মসূচী

আমবাসা, ৪ নভেম্বর ।। আমবাসা ব্লকের হরিমঙ্গল এ ডি সি ভিলেজে স্বশাসিত জেলা পরিষদ থেকে চলতি অর্থ বছরে এম জি এন রেগায় ৭৫টি উপজাতি পরিবারকে রাবার বাগান সংস্কার করে দেওয়া হয়েছে । এতে ৯ হাজার ২ শ্রমদিবসের কর্মসংস্থান হয়েছে এবং ব্যয় হয়েছে ১২ লক্ষ ৭৪ হাজার ৪শত টাকা । এছাড়াও বন দপ্তরের পক্ষ থেকে হরিমঙ্গল এ ডি সি ভিলেজে চলতি অর্থ বছরে ২৬টি পরিবারকে ১৩ হেক্টর সুপারী বাগান করে দেওয়া হয়েছে । প্রতিটি পরিবারকে সুপারী বাগান করে দিতে ১১ হাজার ১৬০টাকা করে ব্যয় হয় । এতে ২৬টি পরিবার উপকৃত হয়েছে। তাছাড়া হরিমঙ্গল এ ডি সি ভিলেজে চলতি অর্থ বছরে প্রধানমন্ত্রী আবাসন যোজনায় ভিলেজের ২৫টি পরিবারকে গৃহ নির্মাণ করে দেওয়া হচ্ছে । প্রতিটি গৃহ নির্মাণে ১লক্ষ ৩০ হাজার টাকা ব্যয় হবে। সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তর থেকে হরিমঙ্গল এ ডি সি ভিলেজে ১১২জনকে বিভিন্ন প্রকল্পে সামাজিক ভাতা দেওয়া হচ্ছে । এ তথ্য হরিমঙ্গল এ ডি সি ভিলেজের সচিব এই সংবাদ জানিয়েছেন ।

৬ ও ৮ নভেম্বর ধর্মনগরে স্কুল নাটক প্রতিযোগিতা

ধর্মনগর, ৪ নভেম্বর ।। ধর্মনগর মহকুমা ভিত্তিক স্কুল নাটক প্রতিযোগিতা আগামী ৬ এবং ৮ নভেম্বর ধর্মনগরের বিবেকানন্দ সার্ধ শতবার্ষিকী ভবনে অনুষ্ঠিত হবে । তথ্য ও সংস্কৃতি দপ্তর আয়োজিত এই প্রতিযোগতা ৬ নভেম্বর সকালে উদ্বোধন করবেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি প্রতিমা দাস । অনুষ্ঠানে ধর্মনগর পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন মানিক লাল নাথ, ধর্মনগর পুর পরিষদের শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি প্রমোদ মালাকার, ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভানেত্রী উমা মিত্র প্রমুখ উপস্থিত থাকবেন । সভাপতিত্ব করবেন পুর পরিষদের চেয়ারপার্সন শক্তি ভট্টাচার্য । মহকুমার দশটি বিদ্যালয়ের ছাত্রছাত্রীগণ নাটক প্রতিযোগিতায় অংশ নেবে ।

এন সি ইনস্টিটিউশনের শতবর্ষ উপলক্ষে রক্তদান শিবির

সোনামুড়া, ৪ নভেম্বর ।। এন সি ইনস্টিটিউশনের প্রতিষ্ঠার শতবর্ষ পুর্তি উপলক্ষ্যে বিদ্যালয়ের ক্যাম্পাস হলে আজ আয়োজিত হয় স্বেচ্ছা রক্তদান শিবির । আজ সকালে প্রদীপ প্রজ্জ্বলন করে রক্তদান শিবিরের উদ্বোধন করেন বিদ্যালয়ের প্রাক্তন শিক্ষক মনোরঞ্জন দাস । বিদ্যালয়ের প্রাক্তন ছাত্র তথা বিধায়ক শ্যামল চক্রবর্তী সহ শতাধিক প্রাক্তন এবং বর্তমান ছাত্র শিবিরে রক্তদান করেন । শিবিরের শুরুতে স্বেচ্ছা রক্তদানের গুরুত্ব ব্যাখ্যা করে আলোচনা করেন ব্লাড ব্যাঙ্কের দায়িত্ব প্রাপ্ত চিকিৎসক ডা: সুব্রত লস্কর । এছাড়া আলোচনা করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুশান্ত চক্রবর্তী । বিদ্যালয়ের শতবর্ষ উদযাপন কর্মসূচীর অঙ্গ হিসেবে আগামীকাল আয়োজিত হবে ছাত্রছাত্রীদের মধ্যে বসে আঁকো প্রতিযোগিতা। পরবর্তী সময়ে শিক্ষা বিষয়ক সেমিনার এবং সাংস্কৃতিক প্রতিযোগিতা ও অনুষ্ঠানের আয়োজন করা হবে ।

সিপাহীজলা জেলা ভিত্তিক যোগাসন প্রতিযোগিতার উদ্বোধন

সোনামুড়া, ৪ নভেম্বর ।। ব্যাপক উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে সিপাহীজলা জেলা ভিত্তিক যোগাসন প্রতিযোগিতা আজ নলছড় সমরসদনে অনুষ্ঠিত হয় । ত্রিপুরা রাজ্য যোগা এসোসিয়েশনের উদ্যোগে -সিপাহীজলা জিলা পরিষদ, নলছড় পঞ্চায়েত সমিতি ও মেলাঘর পুর পরিষদের সহায়তায় এই প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। জেলা ভিত্তিক যোগাসন প্রতিযোগিতার উদ্বোধন করেন বিধায়ক তপন দাস । অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি ফখরউদ্দিন আহমেদ । সভাপতিত্ব করেন জেলা পরিষদের সহকারী সভাধিপতি কমলরানী শীল । জেলা ভিত্তিক এই প্রতিযোগিতায় বিশালগড়, সোনামুড়া ও জম্পুইজলা মহকুমার ৫৫ জন প্রতিযোগী অংশ গ্রহণ করে । তাদের মধ্যে বালক ২৭ জন এবং বালিকা ২৮ জন । বয়স ভিত্তিক চারটি বিভাগে বালক বালিকাদের মধ্যে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় । প্রতিযোগিতার উদ্বোধন করে বিধায়ক তপন দাস বলেন,রোগ নিরাময় ও সুস্থ সবল শরীর গঠনের জন্য যোগাসনের বিশেষ গুরুত্ব রয়েছে । রাজ্য সরকার বিদ্যালয় স্তরে যোগাসনের প্রসারে উদ্যোগ গ্রহণ করেছে । অনুষ্ঠানে প্রধান অতিথি জিলা পরিষদের সভাধিপতি ফখরউদ্দিন বলেন, সুস্থ দেহমন তৈরীতে যোগাসনের বিকল্প নেই। আমাদের দেশে পরম্পরাগত ভাবে যোগাসনের একটা ঐতিহ্য রয়েছে । শুধু স্কুলের ছাত্রছাত্রী নয়, সুস্থ থাকার জন্য বয়স্ক লোকদেরও যোগাসন করার আবেদন জানান তিনি । তাছাড়াও বক্তব্য রাখেন সহকারী সভাধিপতি কমলরানী শীল ।

পানিসাগরে নাট্য উৎসব ও প্রতিযোগিতা অনুষ্ঠিত

পানিসাগর, ০৩ নভেম্বর ।। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং পানিসাগর পঞ্চায়েত সমিতি ও পানিসাগর নগর পঞ্চায়েতের সহযোগিতায় গত ১ নভেম্বর পানিসাগর মহকুমা ভিত্তিক নাট্য উৎসব ও প্রতিযোগিতা টাউন হলে অনুষ্ঠিত হয়। এই নাট্য উৎসবের উদ্বোধন করেন বিধায়ক সুবোধ দাস। পানিসাগর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন অরুন্ধুতি দাস এর সভাপতিত্বে এই আয়োজিত অনুষ্ঠানে বিশিষ্ট নাট্য ব্যক্তিত্ব স্বপন চন্দ, পানিসাগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শীতল দাস, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ-অধিকর্তা দেবাশিস নাথ, বিশিষ্ট সাহিত্যিক মিলন কান্তি দত্ত প্রমুখ উপস্থিত ছিলেন। এই নাট্য উৎসব ও প্রতিযোগিতায় ৬টি জোনের ৮২জন শিল্পী অংশ গ্রহণ করে। উদ্বোধকের ভাষণে বিধায়ক সুবোধ দাস বলেন, আমাদের সমাজে নাটকের গুরুত্বপুর্ণ ভূমিকা রয়েছে। তিনি আশা প্রকাশ করেন, এই ধরণের নাট্য উৎসবের মধ্য দিয়ে দেশের ঐক্য ও সংহতি যেমন সুদৃঢ় হবে তেমনি কুসংস্কারের বিরুদ্ধে সচেতনতাও বৃদ্ধি করবে। অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা জাতীয় সংহতি ও ঐক্য, কুসংস্কার ও পণপ্রথা বিরোধী ইত্যাদি বিভিন্ন বিষয়ের উপর নাটক মঞ্চস্থ করে। এই নাট্য প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় হয়েছে যথাক্রমে দেওছড়া উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, পূর্ব পদ্মবিল মাধ্যমিক বিদ্যায়ল এবং জলাবাসা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়। এই প্রতিযোগিতায় প্রথম ও দ্বিতীয় স্থানাধিকারী দলটি আগামী ৯ নভেম্বর ধর্মনগরের বিবেকানন্দ সার্ধশতবার্ষিকী ভবনে আয়োজিত জেলা ভিত্তিক নাট্য প্রতিযোগিতায় অংশ গ্রহণ করবে। অনুষ্ঠানে বিজয়ীদেরকে পুরস্কৃত করা হয়।

৮২ মাইলে উপজাতি ছাত্রাবাসের উদ্বোধন

ছৈলেংটা, ০৩ নভেম্বর ।। ব্যাপক উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে গতকাল লংতরাইভ্যালী মহকুমার ৮২ মাইল হায়ার সেকেন্ডারী স্কুলের ছাত্রাবাসের অনুষ্ঠানিক উদ্বোধন করেন উপজাতি কল্যাণ মন্ত্রী অঘোর দেববর্মা। ৫০ জন উপজাতি অংশের ছাত্র এখানে থেকে পড়াশোনা করতে পারবে। স্কুলের মাঠে আয়োজিত এই অনুষ্ঠানে এডিসির কার্যনির্বাহী সদস্যা সন্ধ্যারাণী চাকমা, মনু বিএসির চেয়ারম্যান এমডিসি মতিলাল শুক্ল বৈদ্য প্রমুখ বক্তব্য রাখেন । ছাত্রাবাসের উদ্বোধন করে উপজাতি কল্যাণ মন্ত্রী শ্রীদেববর্মা বলেন, উপজাতি অংশের ছাত্র ছাত্রীদের কাছে শিক্ষার সুযোগ পৌঁছে দিতেই সারা রাজ্যে ছাত্রাবাস তৈরী করা হচ্ছে। গ্রাম পাহাড়ের ছাত্র-ছাত্রীদের শিক্ষার সুবিধার্থে পরিকাঠামোর উন্নয়ন করা হচ্ছে। রাজ্য সরকার চায় ছাত্র-ছাত্রীরা বতর্মান সময়ের প্রতিযোগিতার পরিবেশের উপযুক্ত হয়ে উঠুক। এক্ষেত্রে বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা এবং অভিভাবকদেরও গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। তিনি আশা প্রকাশ করেন, তারা ছাত্র-ছাত্রীদের শিক্ষায় সচেতন করে তুলবেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রাক্তন এমডিসি গজেন্দ্র ত্রিপুরা, পূর্ত দপ্তরের আমবাসাস্থিত অফিসের সুপারিনটেনডেন্ট ইঞ্জিনীয়ারসহ অন্যান্যরা। স্বাগত ভাষণ রাখেন লংতরাইভ্যালী মহকুমা শাসক সুভাষ চন্দ্র সাহা। সভাপতিত্ব করেন নাল কাটা ভিলেজ কমিটির চেয়ারম্যান বেলাতি জমাতিয়া । এই ছাত্রাবাস নির্মাণে ব্যয় হয়েছে ২ কোটি ১২ লক্ষ ২৪ হাজার টাকা।

মিশন ইন্দ্র ধনুষ ঃ ধলাইয়ে টিকাকরণ কর্মসূচী

আমবাসা, ৩ নভেম্বর ।। আগামী ৭ নভেম্বর ধলাই জেলায় ইনটেনসিফাইড মিশন ইন্দ্র ধনুষ টিকাকরণ দ্বিতীয় পর্যায়ের কর্মসূচী শুরু হবে । এই কর্মসূচীকে সফল ও জনমুখী করে তোলার জন্য ধলাই জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতির উদ্যোগে আজ দুপুরে ধলাই জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের অফিস কক্ষে জেলা ভিত্তিক সাংবাদিক সম্মেলনের আয়োজন করা হয় । ধলাই জেলা টিকাকরণ কর্মসূচীর জেলা আধিকারিক ডা. এপোলো কলই সাংবাদিক সম্মেলনে জানান, আগামী ৭ নভেম্বর সকাল ৯টায় ধলাই জেলার আমবাসা পুর পরিষদ এলাকায়, কমলপুর নগর পঞ্চায়েত এলাকায় এবং ৮টি ব্লক এলাকায় ইনটেনসিফাইড মিশন ইন্দ্র ধনুষ দ্বিতীয় পর্যায়ের টিকাকরণ কর্মসূচী শুরু হবে । এই কর্মসূচী ১৬ নভেম্বর পর্যন্ত চলবে । তিনি জানান, ধলাই জেলায় শূন্য থেকে ২ বছর বয়সের ৬৯০ জনকে টিকাকরণ করার লক্ষ্য মাত্রা নেয়া হয়েছে । গর্ভবতী মহিলাদের টিকাকরণের লক্ষ্যমাত্রা নেয়া হয়েছে ১৬৫ জনকে । এই কর্মসূচী সফল করার জন্য ধলাই জেলায় ১৩০টি উপস্বাস্থ্য কেন্দ্রে ঐদিন শিশুদের টিকাকরণ করা হবে । এর জন্য ২৭ জন এম পি এস, ১৮৫ জন এম পি ডাব্লিউ, ৯৭৮জন আশাকমী, ১২৮২জন অঙ্গনওয়াড়ী কমী নিযুক্ত আছেন । সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের চিকিৎসক ড. সঞ্জিত দাস, ধলাই জেলার প্রোগ্রাম ম্যানেজার রণজয় দেব, ইউনিসেফের রাজ্য কো-অর্ডিনেটর অপরাজিৎ সিনহা ।

খোয়াইয়ে পালিত হবে সমবায় সপ্তাহ

খোয়াই, ৩ নভেম্বর ।। খোয়াই মহকুমায় নানা কর্মসূচীর মধ্য দিয়ে ৬৪তম অখিল ভারত সমবায় সপ্তাহ উদযাপন করা হবে । এই সপ্তাহ উদযাপন উপলক্ষে আগামী ২০ নভেম্বর খোয়াই টাউন হলে আয়োজিত হবে মহকুমা ভিত্তিক অনুষ্ঠান । মহকুমার বিভিন্ন ল্যাম্পস, প্যাক্স, কো-অপারেটিভ সোসাইটির সদস্য-সদস্যাগণ অনুষ্ঠানে অংশ নেবেন । এই কর্মসূচীকে সফল রূপ দেয়ার লক্ষ্যে খোয়াই জেলা কো-অপারেটিভ সোসাইটির ডেপুটি রেজিস্ট্রারের কার্যালয়ের উদ্যোগে আজ জিলা পরিষদের সভা কক্ষে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয় । সভায় বিধায়ক বিশ্বজিৎ দত্ত, জিলা পরিষদের সহকারি সভাধিপতি বিদ্যুৎ ভট্টাচার্য, খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন শুক্লা সেনগুপ্ত, কো-অপারেটিভ সোসাইটির ডেপুটি রেজিস্ট্রার বি কে রায় প্রমুখ উপস্থিত ছিলেন। সভায় খোয়াই জিলা পরিষদের সভাধিপতি সাইনী সরকারকে চেয়ারম্যান এবং কো-অপারেটিভ সোসাইটির ডেপুটি রেজিস্টার বি কে রায় কে আহ্বায়ক করে একটি কার্যকরী কমিটি ও ৫টি উপ কমিটি গঠন করা হয়।

শান্তিরবাজারে এ এন এম ট্রেনিং ইনস্টিটিউশনের উদ্বোধন

শান্তিরবাজার, ৩ নভেম্বর ।। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের উদ্যোগে আজ শান্তিরবাজার পুরানো প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে অক্সিলিয়্যারি নার্স মিড-ওয়াইফ ট্রেনিং ইনস্টিটিউশনের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয় । প্রদীপ প্রজ্জ্বলন, ফলক উন্মোচন ও ফিতা কেটে এর উদ্বোধন করেন কারামন্ত্রী মণীন্দ্র রিয়াং । উদ্বোধকের ভাষণে শ্রী রিয়াং সার্বিকভাবে সাধারণ মানুষের মধ্যে স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দেবার লক্ষ্যে স্বাস্থ্য দপ্তরের গৃহীত বিভিন্ন কর্মসূচীর উল্লেখ করেন । তিনি বলেন, রাজ্যের দূরবর্তী এলাকাগুলোতেও এখন চিকিৎসা পরিষেবা পৌঁছে দেবার কর্মযজ্ঞ চলছে । স্বাস্থ্য দপ্তরের এইসব কাজকে এগিয়ে নেওয়ার জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন । মন্ত্রী এই ইনস্টিটিউশনের প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে বলেন, যারা এই ইনস্টিটিউশনে প্রশিক্ষণ নেওয়ার উদ্দেশ্যে যুক্ত হয়েছেন তাদের সকলকে সুনামের সাথে নির্দিষ্ট সময়ের মধ্যে প্রশিক্ষণ গ্রহণ করে সাধারণ মানুষের মধ্যে স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দিতে হবে । অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি হিমাংশু রায়,বিধানসভার মুখ্য সচেতক বাসুদেব মজুমদার, বিধায়ক যশবীর ত্রিপুরা, স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা এন. ডার্লং এবং অনুষ্ঠানের সভাপতি শান্তিরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন রতন দাস প্রমুখ । স্বাগত ভাষণ দেন দক্ষিণ ত্রিপুরা জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা: জগদীশ নম: । উল্লেখ্য, এ.এন.এম. ট্রেনিং ইনস্টিটিউশন গড়ে তোলার কাজে ব্যয় হয়েছে ২৫ লক্ষ টাকা । মোট ৩০ জন মহিলা এই ইনস্টিটিউশনে প্রথম ব্যাচের প্রশিক্ষণ নেবেন ।

ডুকলি ব্লকে কনিজাল বিতরণ

আগরতলা, ৩ নভেম্বর ।। মৎস্য দপ্তরের উদ্যোগে আজ ডুকলি ব্লক এলাকার তপশিলী জাতির ২৪০ জন মৎস্যচাষীকে বিনামূল্যে কনিজাল বিতরণ করা হয় । ডুকলি পঞ্চায়েত সমিতির হলে সমিতির চেয়ারম্যান প্রমিলা রায় সরকারের সভাপতিত্বে আয়োজিত এক অনুষ্ঠানের মধ্য দিয়ে মৎস্যচাষীদের হাতে কনিজাল তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের কৃষি বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি তপন দাস । তিনি বলেন, মৎস্য চাষে উন্নত প্রযুক্তি ব্যবহার করে অধিক উপার্জন করা যায় । এর জন্য মৎস্যচাষীদের আগ্রহ থাকতে হবে । বিজ্ঞান সম্মত ভাবে মৎস্য চাষের জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রশিক্ষণের ব্যবস্থা করছে । তিনি বলেন, বন্যায় ক্ষতিগ্রস্ত মৎস্যচাষীদের সহায়তার জন্য পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদ বিনামূল্যে মাছের পোনা বিতরণের উদ্যোগ গ্রহণ করেছে । ডুকলি পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান তাঁর আলোচনায় মৎস্যচাষীদের সরকারী সুযোগ -সুবিধা গ্রহণ করে মৎস্য চাষের মাধ্যমে নিজেদের আয়ের উৎস সৃষ্টির জন্য আহ্বান জানান । মৎস্য দপ্তরের আধিকারিক জানান, ডুকলি ব্লক এলাকায় মৎসচাষীদের আর্থ সামাজিক মান উন্নয়নের জন্য মৎস্য দপ্তর থেকে বিভিন্ন কর্মসূচী রূপায়ণের পাশাপাশি বিগত অর্থবর্ষে ব্লকের বেলাবরে ১০টি মৎস্যজীবী পরিবারকে গৃহ নির্মাণ করে দেয়া হয়েছে ।